দৈনিক বাংলা

তারিখ ২৮/১/৮৩ পৃষ্ঠা ৭ কলাম ১

# এ বছর বিশ্বে মুসলমানের সংখ্যা একশ' কোটিতে পৌঁছবে

তায়েফ, ২৭শে জানুয়ারী (বার্না-মা)।—চলতি বছরের শেষ দিকে বিশ্বে মুসলিম জনসংখ্যা একশ কোটিতে উপনীত হবে বলে আশা করা হচ্ছে।

সোমবার স্থানীয় ইংরেজী দৈনিক সৌদী গেজেটে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয় যে বর্তমানে ৭টি দেশের প্রতিটিতে ৫ কোটিরও বেশী মুসলমান রয়েছে। এ ৭টি দেশ হচ্ছে বাংলাদেশ, ইন্দোনেশিয়া, ভারত, পাকিস্তান, চীন, নাইজেরিয়া ও সোভিয়েট ইউনিয়ন।

এদের মধ্যে ইন্দোনেশিয়ার স্থান সর্বোচ্চ। বর্তমানে এর মুসলিম জনসংখ্যা প্রায় ১৩ কোটি ৯৮ লাখ ৩৯ হাজার। এরপর যথাক্রমে ভারত (১২ কোটি ১০ লাখ ৩৭ হাজার), বাংলাদেশ (৭ কোটি ৬০ লাখ ২ হাজার), পাকিস্তান (৭ কোটি ৫১ লাখ ২৮ হাজার), চীন (৬ কোটি ২১ লাখ ২১ হাজার), নাইজেরিয়া (৬ কোটি ২০ লাখ ৮৭ হাজার), সোভিয়েট ইউনিয়ন (৫ কোটি ৯০ লাখ ৭১ হাজার), তুরস্ক (৪ কোটি ৪১ হাজার ৪শ), মিশর (৩ কোটি ৯৫ লাখ ৩ হাজার) ও ইরানের (৩ কোটি ৫৬ লাখ ৮১ হাজার) স্থান।

প্রতিবেদনে বলা হয় যে অধিকাংশ মুসলিম দেশে বছরে জনসংখ্যা বৃদ্ধির হার শতকরা দু ভাগ। এদের মধ্যে ধর্মান্তরিত নব্য মুসলিমদের ধরা হয়নি।

প্রতিবেদনে আরো বলা হয় যে মুসলিম জনসংখ্যার তালিকায় মালয়েশিয়ার স্থান ২২-এ। অপরদিকে সিঙ্গাপুরের স্থান ৭৪-এ। এর মুসলিম জনসংখ্যা ৩ লাখ ৮৭ হাজার। ৫৯ লাখ ৫৪ হাজার ৪শ জন মুসলমান রয়েছে থাইল্যান্ডে। তালিকায় এর স্থান ২৪-এ। ২৬তম স্থানে রয়েছে ফিলিপাইন (৬ লাখ ৫১ হাজার ৬শ)।